



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং- সাস্ট/পিআর/০৩

তারিখ: ১৬ ডিসেম্বর, ২০১৭

প্রেসবিজ্ঞপ্তি

আজ ১৬ ডিসেম্বর, ২০১৭ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে যথাযথ মর্যাদায় মহান বিজয় দিবস পালিত হয়। দিবসের কর্মসূচির মধ্যে ছিল জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন, পুষ্পস্তবক অর্পণ, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, বিজয় শোভাযাত্রা, ক্রীড়া প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ সকাল সাড়ে ৭টায় প্রশাসনিক ভবনের সামনে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করেন এবং সকাল ৭:৪৫ মিনিটে বঙ্গবন্ধুর শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে এবং পরে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস, শহীদ বুদ্ধিজীবী দিবস ও মহান বিজয় দিবস উদযাপন কমিটির সভাপতি প্রফেসর ড. এ জেড এম মঞ্জুর রশিদ, প্রফেসর ড. মো. কবির হোসেন, প্রফেসর ড. মো. আখতারুল ইসলাম, প্রফেসর ড. মো. রাশেদ তালুকদার, প্রফেসর ড. মো. আবদুল গণি, প্রফেসর ড. মোছাদ্দেক আহমদ চৌধুরী, প্রফেসর ড. সৈয়দ সামসুল আলম, প্রফেসর ড. মো. আনোয়ারুল ইসলাম, প্রফেসর ড. মো. আশরাফ উদ্দিন, প্রফেসর ড. মো. আরিফুল ইসলাম, প্রফেসর ড. মস্তাবুর রহমান, প্রফেসর আমিনা পারভীন, প্রফেসর ড. হিমাদ্রী শেখর রায়, প্রফেসর ড. এ এইচ এম বেলায়েত হোসেন, প্রফেসর ড. এস এম হাসান জাকিরুল ইসলাম, প্রফেসর ড. মোহাম্মদ ফারুক উদ্দিন, প্রক্টর জনাব মো. জহীর উদ্দিন আহমদ, রেজিস্ট্রার জনাব মুহাম্মদ ইশফাকুল হোসেন এবং দিবসটি উদযাপন কমিটির সদস্য সচিব ডেপুটি রেজিস্ট্রার আ.ফ.ম মিমতাউল হক প্রমুখ উপস্থিত ছিলেন।

ভাইস চ্যান্সেলরের পুষ্পস্তবক অর্পণের পর বিভিন্ন বিভাগ, আবাসিক হল, ছাত্রসংগঠন এবং স্বেচ্ছাসেবী ও সাংস্কৃতিক সংগঠনের পক্ষ থেকে কেন্দ্রীয় শহীদ মিনার ও বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

পরে সকাল সাড়ে ১০টায় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমদের নেতৃত্বে ক্যাম্পাসে বর্ণাঢ্য বিজয় শোভাযাত্রা বের করা হয়। এতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। শোভাযাত্রা শেষে সমাবেশে ভাইস চ্যান্সেলর বলেন, আমরা স্বাধীনতা পেয়েছি। তবে এখনো বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়তে পারিনি। আমরা অর্থনৈতিকভাবে পুরোপুরি স্বয়ংসম্পূর্ণ হতে পারিনি। এজন্য আমাদেরকে পরিশ্রম করতে হবে এবং সবাইকে প্রতিদিন ১২ ঘণ্টা কাজ করতে হবে। তিনি হানাহানি পরিহার করে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করার আহ্বান জানান। প্রফেসর ড. এ জেড এম মঞ্জুর রশিদের সঞ্চালনায় সমাবেশে বিজয় শোভাযাত্রা উপকমিটির আহ্বায়ক প্রক্টর মো. জহীর উদ্দিন আহমদ বক্তব্য রাখেন।

পরে ভাইস চ্যান্সেলর চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। অনুষ্ঠানে সভাপতি করেন প্রফেসর আমিনা পারভীন।

সবশেষে ভাইস চ্যান্সেলর প্রফেসর উদ্দিন আহমেদ ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

বিকেলে ক্যাম্পাসে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)
রেজিস্ট্রার